VOLUME 3 | YEAR 2018

ISSN No. 2456-4206

THE CENTURION

TEACHERS' COUNCIL JOURNAL

(PEER-REVIEWED MULTIDISCIPLINARY JOURNAL)

A PUBLICATION OF THE TEACHERS' COUNCIL

ASUTOSH COLLEGE

VOLUME 3 | YEAR 2018
ISSN : 2456-4206

THE CENTURION

TEACHERS' COUNCIL JOURNAL

(PEER-REVIEWED MULTIDISCIPLINARY JOURNAL)

A PUBLICATION OF THE TEACHERS' COUNCIL
ASUTOSH COLLEGE

VOLUME 3 | YEAR 2018
ISSN : 2456-4206

The Centurion
Asutosh College Teachers' Council Journal

(Multidisciplinary Journal)

Published on 17 July, 2018

Copyright © Asutosh College, Kolkata, India 2018. All rights reserved. No part of this journal may be reproduced or transmitted in any form, by mimeograph, stored in a database or any retrieval system or by any means whatsoever without written permission from the Publisher, except in the case of brief quotations embodied in critical articles and reviews, with proper acknowledgement.

Publication Information

Published by Sri Apurba Ray, Vice-Principal, Asutosh College and Chairman, Teachers' Council, Asutosh College, 92, S. P. Mukherjee Road, Kolkata, India, PIN-700 026.

Address for Communication

Secretary, Asutosh College Teachers' Council
92, S. P. Mukherjee Road, Kolkata, India, PIN-700 026
E-mail : mail@asutoshcollege.in
Website : www.asutoshcollege.in
Phone No. : (033) 2454 2372, 2486 3912

Printing Press
LASERWORLD
P-4A, C.I.T. Road, Kolkata - 700 014
Phone : 9831 1 61961

Price : ₹ 300.00

Message from Vice-Principal

The third issue of the Asutosh College Teachers' Council, *The Centurion*, is all set for publication, thanks to the concerted efforts of the members of the college teaching staff and the editorial team. A rich and varied collection of articles on diverse subjects of interest, it will provide intellectual stimulation to all its readers. My best wishes remain for the continued success of the effort.

Apurba Ray
Vice-Principal, Asutosh College

VOLUME 3 | YEAR 2018
ISSN : 2456-4206

Editorial Board

Chief Advisory Editor :

Dr. Dipak Kumar Kar, Principal

Chief Editor :

Prof. Apurba Ray, Vice-Principal

Joint Editors :

Dr. Sajal Bhattacharyya

Dr. Abhik Kundu

Dr. Keya Ghosh

Dr. Sraboni Roy

Dr. Rina Kar (Dutta)

Associate Editors :

Dr. Tapti De

Dr. Sayani Mukhopadhyay

Dr. Tathagata Ray Chaudhuri

Prof. Bhaskar Mridha

Editor Members :

Dr. Supatra Sen

Dr. Prabir Rudra

Dr. Deep Chandan Chakraborty

Dr. Amit Kumar Bhattacharjee

Editorial

The third volume of The Centurion, the journal of the Asutosh College Teachers' Council has now seen the light of day. The enthusiasm of the members of the council is the strength behind this herculean task of publishing a journal in three uninterrupted consecutive volumes. All three volumes reflect the research-oriented mindset of the members of faculty. Today, it is becoming an increasingly difficult task for teachers to take out time from their curricular duties and engage in extra-syllabus research work, but the effort to do so, fortunately remains. Like the first two volumes, the contents of this third issue is also a manifestation of the multifaceted research activities of the teaching staff. The diversity of topics – from humanities and literature to the sciences, including Mathematics – accommodated in the journal will surely attract authors from other institutes in due time. The motto of the Council is to extend the spread of the journal so that to the teaching and research community of the state, it may soon become a volume worth publishing in.

The editors would like to thank all members of the college administration for their wholehearted support and cooperation in ensuring the successful publication of this third issue.

~CONTENTS~

1.	**ছোটগল্পকার বিমল কর ঃ ঐতিহ্যানুসৃতি ও স্বাতন্ত্র্য** — ড: মানস কবি	1-6
2.	**বাংলা সাহিত্যে পাখি** — কবি বক্সী	7-15
3.	**नारी : दशा और दिशा** — संजय साह	16-19
4.	**ROMANTIC LOVE AND CAPITALISM: A GOOD MATCH IN LATE-MODERNITY AS DEBUNKED BY EVA ILLOUZ** — Soumen Das	20-23
5.	**IS DEEP FRYING IN COOKING OIL SAFE? THINK BEFORE YOU EAT** — Dr. Keya Ghosh	24-37
6.	**FIBONACCI NUMBERS AND THEIR APPLICATIONS** — Ashim Sarkar	38-50
7.	**OBSERVATION OF EQUATORIAL IRREGULARITIES BY MST RADAR AND GPS IN A COLLOCATED IONOSPHERIC VOLUME** — Dr. Aditi Das	51-58
8.	**UNIQUE WASTE WATER CULTURE SYSTEM – HIDDEN GEM OF KOLKATA PORT TRUST AREA** — Basudha Basu	59-64

ছোটগল্পকার বিমল কর ঃ ঐতিহ্যানুসৃতি ও স্বাতন্ত্র্য

ড: মানস কবি
সহযোগী অধ্যাপক, বাংলা বিভাগ
আশুতোষ কলেজ
ই-মেইল : manas.kabi@asutoshcollege.in

বাংলা সাহিত্যে ছোটগল্পকার রূপে রবীন্দ্রনাথ ঠাকুরের পদচারণার পূর্বে কেউ কেউ ছোটগল্প সাহিত্য-শাখাটিকে বিকশিত করবার চেষ্টা করেছিলেন। এঁদের মধ্যে উল্লেখযোগ্য হলেন স্বর্ণকুমারী দেবী (১৮৫৬-১৯৩২), নগেন্দ্রনাথ গুপ্ত (১৮৬১-১৯৪০) প্রমুখ। এঁরা গল্পের গঠন তথা রূপবৈচিত্র্য নিয়ে বেশি না ভেবে গল্পের বৈচিত্র্য সৃষ্টির প্রয়াসের দিকেই জোর দিয়েছিলেন। ১৮৯১ খ্রিস্টাব্দে মে মাসে কৃষ্ণকমল ভট্টাচার্যের সম্পাদনায় 'হিতবাদী' পত্রিকায় রবীন্দ্রনাথ ঠাকুর পরপর ছ'টি গল্প ('দেনাপাওনা', 'পোস্টমাস্টার', 'গিন্নি', 'রামকানাইয়ের নির্বুদ্ধিতা', 'ব্যবধান' ও 'তারাপ্রসন্নের কীর্তি') লিখে বাংলা ছোটগল্পের রূপরীতির নব দ্বারোদ্‌ঘাটন ক'রে ছোটগল্প রচনায় বিশিষ্টতা অর্জন করেছিলেন। খণ্ডিত সমাপ্তি, চরিত্র বিরলতা, কাহিনির একমুখিতা প্রভৃতি বিষয়ে রবীন্দ্রনাথ এই শিল্পরূপটিকে যে পথ দেখিয়ে দিয়েছিলেন, সেই পথে 'কল্লোল' পত্রিকা (১৯২৩) প্রকাশের পূর্ব পর্যন্ত অনেকেই এই নব শিল্পরূপটিকে পরিচর্যা ও লালনপালন করতে সচেষ্ট হয়েছিলেন। এঁদের মধ্যে উল্লেখযোগ্য হলেন — প্রভাতকুমার মুখোপাধ্যায় (১৮৭৩-১৯৩২), প্রমথ চৌধুরী (১৮৫৮-১৯৪৬), বিভূতিভূষণ মুখোপাধ্যায় (১৮৯৪-১৯৮৭), পরশুরাম (রাজশেখর বসু, ১৮৮০-১৯৬০) প্রমুখ ব্যক্তিত্ব।

১৯২৩ খ্রিস্টাব্দে 'কল্লোল' পত্রিকাকে কেন্দ্র করে একদল নবীন গল্পকারের আবির্ভাব হয়। এঁরা রবীন্দ্রানুসৃতির পথ পরিহার করে বাংলা ছোটগল্পে একটি স্বতন্ত্র ধারা সংযোজিত করবার চেষ্টা করেছিলেন। গল্পে বিষয়ের অভিনবত্ব এনে বাংলা ছোটগল্পের মোড় ঘুরিয়ে দিয়েছিলেন। এঁদের মধ্যে উল্লেখযোগ্য হলেন — শৈলজানন্দ মুখোপাধ্যায় (১৯০১-১৯৭৬), অচিন্ত্যকুমার সেনগুপ্ত (১৯০৩-১৯৭৬), বুদ্ধদেব বসু (১৯০৮-১৯৭৪), প্রেমেন্দ্র মিত্র (১৯০৪-১৯৮৮), তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় (১৮৯৮-১৯৭২) প্রমুখ ব্যক্তিত্ব। এই ধারায় গল্পকার জগদীশ গুপ্ত বাংলা ছোটগল্পের বিষয়ের মধ্যে অবচেতন মনের নানা ক্রিয়াকলাপ ও নিয়তিবাদ সম্পর্কে আলোকপাত করেছিলেন। পরে গল্পকার মানিক বন্দ্যোপাধ্যায় (১৯০৮-১৯৫৬) এই ধারাকে আরো পরিপুষ্ট করেছিলেন।

এরপর ১৯৫২ খ্রিস্টাব্দে 'উত্তরসূরী' পত্রিকায় 'ইঁদুর' ছোটগল্প রচনার মধ্য দিয়ে গল্পকার বিমল কর (১৯২১-২০০৩) বাংলা ছোটগল্পের ক্ষেত্রে বলিষ্ঠ পদচারণার ধ্বনি শুনিয়েছিলেন। ১৯৫০-৫৯ খ্রিস্টাব্দের মধ্যে গল্পকার বিমল কর 'ছোটগল্প ঃ নূতন রীতি' এই শিরোনামে ছোটগল্পের একটি সিরিজ প্রকাশ করেছিলেন। তিনি এক নূতন রীতির গল্প-আন্দোলনের নেতৃত্ব দিয়েছিলেন। বাংলা ছোটগল্পের পাঠক এক ভিন্ন স্বাদের ছোটগল্প পাঠ করবার সুযোগ পেয়েছিল। তিনি প্রচলিত বাংলা ছোটগল্পের ঐতিহ্যকে ভেঙে চুরমার করে দিয়েছিলেন। উপহার দিয়েছিলেন এক ভিন্ন রীতির গল্প। বিমল করের পূর্ব পর্যন্ত সব লেখকই ছোটগল্পের প্রচলিত সংজ্ঞা ও বৈশিষ্ট্য অনুসারে গল্প রচনা করেছেন। বিমল করের পূর্বে ছোটগল্পের প্রচলিত গল্প-বয়নের মধ্যে কেউ কেউ অভিনবত্ব

এনেছিলেন ঠিকই, কিন্তু তা প্রচলিত গল্প-কাঠামোর মধ্যেই সীমাবদ্ধ ছিল। যেমন, কেউ বিষয়ে অভিনবত্ব এনেছিলেন, কেউ পরিসমাপ্তিতে, কেউ চরিত্র-নির্মাণে, আবার কেউ কেউ আকারে বা পরিধিতে অভিনবত্ব এনেছিলেন। কিন্তু বিমল কর ছোটগল্পের প্রচলিত ধ্যান-ধারণাকে সম্পূর্ণ নস্যাৎ করে দিয়েছিলেন। তাঁর রচিত ছোটগল্পের স্বাতন্ত্র্য এখানে সংক্ষেপে আলোচনা করার চেষ্টা করা হল।

প্রথমেই যে বিষয়ের উল্লেখ করতে হয় তা হল, তিনি ছোটগল্পের রূপের পরিবর্তন ঘটিয়েছেন। ছোটগল্প আকারে 'ছোট' হবে, এই ধারণার বশবর্তী হয়ে তিনি গল্প লেখেননি। তাঁর রচিত প্রায় প্রত্যেকটি ছোটগল্প আকারের দিক থেকে ছোটগল্পের প্রচলিত মাপকে ছাড়িয়ে গিয়েছে। তিনি ছোটগল্পের আকারকে বর্ধিত করেছেন বলেই তাঁর গল্পগুলিকে 'ছোটগল্প' আখ্যায় ভূষিত করা যাবে না, এমন কথা বলা অসঙ্গত হবে। 'ছোট' কথাটির নির্দিষ্ট কোনো অর্থ তিনি হৃদয়ঙ্গম করতে চাননি। 'ছোট' কথাটা তাঁর কাছে আপেক্ষিক বলে মনে হয়েছে। তার অর্থ এই নয় যে, তাঁর রচিত ছোটগল্পগুলিকে শিল্পরসোত্তীর্ণ ছোটগল্প বলা যাবে না। বাংলা ছোটগল্পের পাঠককে নতুন স্বাদ দেওয়ার জন্য যে যে পথ অবলম্বন করা দরকার, তা তিনি করে দেখিয়েছেন। ছোটগল্পকে 'ওয়ান সিটিং'-এ পড়ে ফেলার তত্ত্বকে তিনি উড়িয়ে দিয়েছেন। তিনি মনে করেন —

> ''... এই তত্ত্বের দোষ এই যে, কোনো পাঠক চার পাতার লেখা চার দফায় পড়েন,
> কেউ বা বিশ পাতার লেখা অক্লেশে এক দফায় (ওয়ান সিটিং) দিব্যি পড়তে পারেন।
> বস্তুত, এই তত্ত্বটি পাঠকের ধৈর্য্য পরীক্ষা করার কাজে লাগতে পারে।''[১]

— এই চিন্তার বশবর্তী হয়ে তিনি গল্প রচনা করেছেন। তাঁর এই চিন্তা যুক্তিগ্রাহ্য।

তিনি গল্পে হঠাৎ চমক সৃষ্টি করেননি। প্রথমে তিনি গল্পে উপযুক্ত পটভূমিকা রচনা করেছেন। তারপর পরিণতির দিকে আস্তে আস্তে অগ্রসর হয়েছেন। তার অর্থ এই নয় যে, পাঠক গল্প পাঠ করতে আগ্রহ হারিয়ে ফেলবে। তিনি গল্পকে পরিণতির দিকে নিয়ে যাওয়ার সঙ্গে সঙ্গে পাঠকের কৌতূহল বা গল্পপাঠের আগ্রহকে ক্রমোত্তর আকর্ষণীয় রাখতে চেষ্টা করে গিয়েছেন। পাঠক যদি মনে করে থাকেন, গল্পের গিঁটে গিঁটে তার কৌতূহলের উদ্রেক চাই, তা বিমল করের ছোটগল্পে মিলবে না।

তাঁর বেশিরভাগ গল্পই ভাবধর্মী। তাঁর বেশিরভাগ গল্পে একটি পরম সত্যের সন্ধান পাওয়া যায়। তিনি মূলত মানুষের মনের অন্তর্জগতকে তাঁর রচনায় তুলে ধরতে চেয়েছেন। তাঁর গল্পের বিষয়বৈচিত্র্যে এই বৈশিষ্ট্য চোখে পড়ে। তাঁর গল্পে বাইরের জগতের বড়সড় ঘটনা অনুপস্থিত। তাঁর রচিত গল্প মনোজগতের স্পষ্ট বা অস্পষ্ট আলোছায়ার পথে এগিয়ে চলে।

তাঁর গল্পে সৃষ্ট চরিত্রগুলির মধ্যে যেমন কিশোর-কিশোরী, যুবক-যুবতী, বৃদ্ধ-বৃদ্ধা প্রমুখের মধ্যে একটি সাধারণ গুণ লক্ষ করা যায়। তারা প্রত্যেকেই ভাবজগতের অধিবাসী। তাদের আনন্দ, বিষণ্ণতা, সংশয় ও বিস্ময়ের মধ্যে অদ্ভুত মিল লক্ষ করা যায়। তারা প্রত্যেকে যেন দার্শনিক। তাদের প্রত্যেকের একটা নিজস্ব জগত আছে। পাঠক একবার ঐ জগতে প্রবেশ করলে তার মনের মধ্যে ঐ জগত সম্পর্কে অদ্ভুত মোহ তৈরি হবে, পাঠকের মনের মধ্যে দীর্ঘদিন একটা ছাপ থেকে যাবে।

তাঁর বর্ণনাশক্তিকে তারিফ করতেই হবে। তাঁর বর্ণনার জগত কখনোই কৃত্রিম নয়। গল্পকে দ্রুত এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে এমনভাবে বর্ণনাকে উপস্থিত করেছেন, যার মধ্যে কোনো চরিত্র বা পরিবেশ-পরিস্থিতির পরিচয় সম্পর্কে পাঠক অকৃত্রিম ভাব উপলব্ধি করতে পারেন। যেমন —

''সারাটা দিন মাঠ মুখে করে বসে থাকা। গ্রীষ্ম কেটেছে, তখন তেমন করে যেন মাঠটা দেখেনি নবেন্দু। বর্ষার দিনে অতসী জলের ঝাপটার ভয়ে প্রায়ই জানলাটা বন্ধ করে দিয়ে যেত। তারপর ধীরে ধীরে বাইরের ওই রুক্ষ্ম নুড়ি-ছড়ানো আদিগন্ত মাঠটার সঙ্গে নবেন্দুর পরিচয়। এখন শীত। পৌষের শীতে কিছু লালচে ধুলো, কিছু নুড়ি, বিক্ষিপ্ত বুনো ঝোপ, দু-পাঁচটা গাছ আর ধু ধু মাঠখানা চোখের সামনে নিয়ে সারাদিন বসে আছে নবেন্দু।''[২]

— এই বর্ণনার মধ্যে পরিবেশ এবং চরিত্র যেন একে অপরের পরিপূরক। চরিত্রকে ফুটিয়ে তুলতে কিংবা পরিবেশের সঙ্গে তার সম্পৃক্তি বোঝাতে তিনি ঐ বর্ণনার সাহায্য নিয়েছেন। বর্ণনাগুলি কখনোই অলস ছবি নয়, কিংবা কৃত্রিম অভিজ্ঞতা থেকে সৃষ্ট নয়। এই রকম বর্ণনার মধ্য দিয়ে তাঁর প্রায় প্রত্যেকটি গল্প এগিয়ে গিয়েছে।

তিনি গল্পে গতি আনতে সংলাপের সাহায্য নিয়েছেন। তাঁর সংলাপের যে গুণটি চোখে পড়ে তা হল, হ্রস্ব বাক্যে পাত্র-পাত্রীর মুখে তিনি সংলাপ বসিয়েছেন। অনেক সময় সেই বাক্যকে একটি দুটি শব্দে গতিময়তা সৃষ্টির লক্ষ্যে ব্যবহার করেছেন। যেমন —

''বাহাদুর!'

'জী, মেমসাব!'

'বাহার চলো।'

'নুনিয়া মেমসাব?'

'হ্যাঁ।'

'কুত্তা?'

'লে লেও!'

'গান্—?'

'জরুর।''[৩]

এইরকমভাবে তাঁর গল্পে সংলাপ এগিয়ে যেতে থাকে। পাঠক দুরন্ত গতিতে গল্পপাঠে নিমগ্ন হয়ে যেতে বাধ্য হয়ে যান। সংলাপের ক্ষেত্রে এইরকম বৈশিষ্ট্য তাঁর অধিকাংশ গল্পেই দৃষ্টিগোচর হয়।

বিমল কর তাঁর গল্পে বাক্যরচনায় অসাধারণ দক্ষতা দেখিয়েছেন। তিনি বেশিরভাগ হ্রস্ব বাক্যের মাধ্যমে তাঁর গল্প রচনা করেছেন। কখনো-কখনো তা এতই ক্ষুদ্র যে, মাত্র একটি শব্দে একটি বাক্য গঠিত হয়েছে। এছাড়া গল্পের মধ্যে ক্রিয়াহীন বাক্যও মাঝে মধ্যে লক্ষ করা গিয়েছে, যেমন —

১) ''মোহন চা নিয়ে এল। রাখল। তাকে ইশারায় আমি কিছু বললাম। সে আমার ডানপাশের ঘরের দরজার চাবি খুলল। ভেতরে গেল। ফিরে এল। ইশারায় জানাল — সব ঠিক আছে।''[৪]

২) ''নিরুপমা আর অনুপমা। ছোট করে নিরু আর অনু। দুই বোন। বড় নিরু ছোট অনু। বড়য়-ছোটোর তফাতটা বাইশ মাসের।''[৫]

বিমল কর গল্পে শব্দচয়নের ক্ষেত্রে অসামান্য দক্ষতা দেখিয়েছেন। শব্দচয়নের মাধ্যমে গতিময়তা আনতে বাক্যকে মেদহীন করেছেন। আবার ছোট ছোট বাক্যে অসাধারণ চিত্রকল্পও ফুটিয়ে তুলেছেন, যেমন —

১) 'তেমনি খই ছড়ানো জ্যোৎস্না, দক্ষিণের হাওয়া, উমার লাবণ্যভরা মুখ।' ('পলাশ')

২) 'আবহাওয়াটা কেমন ক্লান্ত, অলস, তন্দ্রাজড়ানো।' ('পলাশ')

৩) 'ছাই, জঞ্জাল, ফণিমনসা ডাকা এক মানুষ-গা অন্ধকার গলি।' ('মানবপুত্র')

৪) 'খোলা দরজা দিয়ে ভাল্লুক-গা অন্ধকার ঢুকছে।' ('কাঁচঘর')

৫) 'মনে হল, ধবল জ্যোৎস্নার কোন অদৃশ্য কুহক মোহ বিস্তার করেছে পূর্ণেন্দুর চোখে, মনে, চেতনায়।' ('উদ্ভিদ')

৬) 'চকিতে সেই শ্বেতস্বপ্ন মিলিয়ে গেছে।' ('পালকের পা')

৭) 'আমার ভালোবাসা অন্ধকারের মতন, প্রদীপের কাছে যতক্ষণ আছে ততক্ষণ আলোকিত।' ('সুধাময়')

৮) 'গালের ঢল চিবুকের কাছে কচি আমপাতার মতন বেঁকে আছে।' ('বাঘ')

৯) 'একটা কথা যেন ভয়ংকর অন্ধকার থেকে খানিকটা মুখ বার করে নিজেকে চিনিয়ে দিয়েছে।' ('যযাতি')

১০) 'গাছ বাঁচে তার শেকড়ের রসে। জীবন বাঁচে স্বপ্নে আর আশায়'। ('নদীর জলে ধরা-ছোঁয়ার খেলা')

কথাসাহিত্যিক বিমল কর বাংলা ছোটগল্পের নতুন শৈলী নির্মাণের ক্ষেত্রে বিশ্বকর্মা। তিনি বাংলা ছোটগল্পের মুকুটে নতুন পালক গুঁজে দিতে সমর্থ হয়েছিলেন। শুধু গল্পের জন্য গল্প তিনি লেখেননি। তাঁর জীবন-অভিজ্ঞতাকে সমুদ্রের সঙ্গে তুলনা করতে ইচ্ছে করে। সমুদ্র থেকে যেমন মূল্যবান রত্ন সংগ্রহ করা যায়, তেমনই বাংলা ছোটগল্প সাহিত্য তাঁর শিল্পসৃষ্টি থেকে জীবন-অভিজ্ঞতাজাত এক-একটি রত্নস্বরূপ ছোটগল্প পেয়েছে। তাঁর জীবনসংগ্রামের পরিচয় তাঁরই রচিত স্মৃতিকথামূলক গ্রন্থ 'উড়ো খই' (১ম ও ২য় খণ্ড)-এ লিপিবদ্ধ রয়েছে। ছোটগল্পকাররূপে তিনি মানবজীবনের প্রায় সমস্ত শাখা-উপশাখাকে স্পর্শ করতে পেরেছেন।

বাইরে সংঘটিত কোনো ঘটনা কীভাবে ব্যক্তিমনে তরঙ্গ সৃষ্টি করে, তারপর ঐ ব্যক্তির মনের ভাবরাজ্যে কী কী ঘটে, তার সূক্ষ্ম পরিচয় বিমল করের গল্পে উপস্থিত। তাঁর সৃষ্ট চরিত্ররা কেউ বা দার্শনিক, কেউ বা ভাবুক, কেউ বা তার নিজস্ব পরিমণ্ডলে স্বতন্ত্র। তিনি তাদের প্রত্যেকের মনোরাজ্যের পরিচয় পাঠকের সামনে তুলে ধরেছেন। চরিত্রগুলির মনস্তত্ত্বকে সুন্দরভাবে, সহজ-সরল-সাবলীলতার সঙ্গে তিনি তাঁর গল্পে প্রকাশ করতে পেরেছেন। তাঁর প্রায় প্রত্যেকটি গল্পে ব্যক্তি-মনস্তত্ত্বের নিপুণ চিত্র চিত্রায়িত হয়েছে।

মৃত্যুচেতনা বিমল করের ছোটগল্পের অন্যতম বৈশিষ্ট্য। তাঁর অধিকাংশ গল্পে মৃত্যু কোনো-না-কোনো ভাবে ঘুরে ফিরে এসেছে। তিনি বাংলা ছোটগল্পের পাঠককে মৃত্যু সম্পর্কে দার্শনিক উপলব্ধির জগত উপহার দিয়েছেন। তাঁর পূর্বে কোনো লেখকের ছোটগল্প রচনায় মৃত্যু এভাবে উপস্থিত হয়নি। সবচেয়ে বড় কথা, তাঁর সৃষ্ট চরিত্র মৃত্যুর সঙ্গে কথোপকথন করছেন, মৃত্যুর আসার প্রহর গুনছেন — এরকমটি বিমল করের পূর্বের রচিত

ছোটগল্পে লক্ষ করা যায় না। বিমল করের গল্প পাঠ করলে, পাঠকের মৃত্যুর সম্পর্কে গভীর দার্শনিক উপলব্ধি ঘটবে — একথা খুব জোরের সঙ্গে বলা যায়।

জীবনের একটি বড় সত্য মৃত্যু তাঁর অধিকাংশ গল্পের মূল শিকড় বা কখনও শাখা-শিকড়। মৃত্যুচিন্তা, মৃত্যু-সম্পর্কিত দার্শনিক চিন্তা তাঁর প্রায় গল্পের মূল রস। সেই সঙ্গে মানুষের অবসাদ, বিষণ্ণতা, নিঃসঙ্গতা বা একাকিত্ব, অন্তর্বর্তী সংঘাত, দ্বন্দ্ব, দুর্বলতা, সংশয় — এসবই তাঁর গল্পের প্রাণরসের সঙ্গে মিলেমিশে রয়েছে। গল্পে দাম্পত্যজীবন প্রবাহের মধ্যে জটিলতা, চোরাগলি ও অন্ধকার দিকের সন্ধান এবং তার বাস্তবোচিত মনস্তাত্ত্বিক বর্ণনায় তাঁর তুলনা হয় না। সমাজনিষিদ্ধ অবৈধ প্রণয়-বর্ণনায় তাঁর রুচিবোধকে তারিফ করতেই হবে। আসলে মননধর্মিতায়, জীবনের জটিলতর শিল্পরূপায়ণে, ব্যক্তি মানুষের প্রকৃতি বিশ্লেষণের ক্ষেত্রে তিনি নিপুণ শিল্পী। সমাজের দ্বারা প্রতারিত, বঞ্চিত তথা পতিতাজীবনের ছবি তুলে ধরার ক্ষেত্রে তিনি অসাধারণ কথাকার। এই বিষয়ে তাঁর 'আঙুরলতা' গল্পটি সারা বিশ্বে যে-কোনো ভাষার শ্রেষ্ঠ ছোটগল্পগুলির মধ্যে বিশেষ স্থান পাওয়ার যোগ্য বলে মনে হয়।

শুধু 'আঙুরলতা' নয়, 'ইঁদুর', 'মানবপুত্র', 'সোপান', 'সুধাময়', 'নিষাদ', 'অপেক্ষা', 'কাঁটালতা', 'সংশয়', 'যযাতি', 'সত্যদাস', 'নদীর জলে ধরা-ছোঁয়ার খেলা' প্রভৃতি গল্প বিভিন্ন ভাষায় অনুবাদ হওয়ার যোগ্যতা দাবি করে। আত্ম-আবিষ্কারের শুদ্ধ প্রয়াস অথবা চেতনাপ্রবাহে নিবিষ্ট হয়ে জীবনের গভীর তলদেশকে গভীর আত্মপ্রত্যয়ের সঙ্গে ছোটগল্পে ব্যক্ত করার প্রয়াস তিনি প্রথম গল্প-সৃষ্টি থেকে করতে পেরেছেন। তাঁর সৃষ্ট চরিত্ররা নিস্পন্দ অতিচারিতার মধ্য দিয়ে যেভাবে তাদের ফেলে আসা হতাশা, দুঃখ, বেদনা ব্যক্ত করেছে — এই পদ্ধতিটি বাংলা ছোটগল্প সাহিত্যে অভিনব।

ব্যক্তির জীবনচিন্তা, প্রেমভাবনা, মৃত্যুচিন্তা, স্বপ্ন-জাগরণ, আশা-আকাঙ্ক্ষা, স্মৃতি-সত্তা-ভবিষ্যৎ-চিন্তা, আনন্দ-বেদনা, সুখ-দুঃখ — সবই বিমল কর অত্যন্ত যত্ন-সহকারে, নিষ্ঠার সঙ্গে, 'মজুরের মতন' করে একে একে তাঁর গল্পে গেঁথেছেন। কখনো কখনো তা রূপক ও প্রতীকের ব্যঞ্জনায় উদ্ভাসিত হয়েছে। এই বিষয়গুলোকে গল্পে তুলে ধরতে তাঁর মধ্যে অস্থিরতা বা চঞ্চলতা লক্ষ করা যায় নি। তিনি একের পর এক শব্দ দিয়ে ঐ অনুভূতিগুলিকে ধীর-স্থির শান্ত ভঙ্গিতে গল্পে পরিবেষণ করেছেন। এই কারণে তাঁকে যথার্থ জীবনশিল্পীর আখ্যা দিতে হবে।

বিমল করের গল্পে ইন্দ্রিয়গ্রাহ্য জগত ও পরাবাস্তবতার জগতের অদ্ভুত মেলবন্ধন ঘটেছে। তিনি যখন এই দুই জগতের মধ্যে আনাগোনা করেছেন, তখন জীবনের সত্যগুলি যেমন সুখ-দুঃখ, ভালোবাসা এবং মৃত্যু তাঁর অনুভবের মধ্যে যুক্ত হয়ে ঐ জগতকে গল্প-মধ্যে আরো অর্থপূর্ণ করে তুলতে তিনি সমর্থ হয়েছেন। তাঁর বর্ণনার গুণে পাঠক গল্প পাঠ করতে করতে নিজের অনুভূতির মধ্যে দৃষ্টিগ্রাহ্য এক জগতকে খুঁজে পেতে পারেন।

বিমল কর বাংলা ছোটগল্প রচনার ক্ষেত্রে ঐতিহ্য ভাঙার কারিগর এবং ঐতিহ্য গড়ার ক্ষেত্রে কালজয়ী সৃষ্টিকর্তা। তিনি বাংলা ছোটগল্পের শৈলীতেও নতুন জোয়ার এনেছিলেন। বাংলা ছোটগল্প রচনার প্রচলিত শৈলীকে নস্যাৎ করে তিনি 'নূতন রীতি'র গল্প রচনার ক্ষেত্রে শিল্পদক্ষতা দেখাতে পেরেছিলেন। শুধু গঠনগত কলাকৌশল নয়, ছোটগল্পের ভাবজগতের মধ্যেও তিনি গুরুত্বপূর্ণ পরিবর্তন ঘটাতে পেরেছিলেন।

ছোটগল্পে ভাষার ব্যবহারে, শব্দনির্বাচনে ও বাক্যগঠনে তিনি অত্যন্ত যত্ন নিয়েছেন। এইসব বিষয়ে সচেতন ছিলেন বলেই গল্পে তিনি ভাব প্রকাশে আড়ষ্ট ছিলেন না। সচেতনভাবে শব্দ ব্যবহারের ফলে গল্পের বর্ণনা

ও সংলাপের মধ্যে গতি সৃষ্টি হয়েছে। পাঠক সেই গতির সঙ্গে একাত্ম হয়ে দ্রুত গল্পের রস বা স্বাদ গ্রহণ করতে সমর্থ হয়েছেন। গল্প-পাঠ শেষে পাঠকের মনে সম্পূর্ণ গল্পটির বিষয়ে একটি বিশেষ অকৃত্রিম অনুভূতি জেগে ওঠে। এই অনুভূতির স্বাদ জাগানোর ক্ষেত্রে ছোটগল্পকার বিমল করের শৈলী তুলনাহীন। বাংলা ছোটগল্পে ঐ বোধ ও চিন্তার দিক থেকে তিনি একটি নতুন মাত্রা যোগ করতে পেরেছিলেন।

বাংলা ছোটগল্প রচনায় বিমল কর প্রচলিত পথ পরিত্যাগ করে এক নতুন পথে অগ্রসর হয়েছিলেন। বাংলা ছোটগল্পের পাঠক বিমল করের হাত ধরে সেই পথের রূপ-রস শোভা প্রত্যক্ষ করেছেন। তিনি বাংলা ছোটগল্পের রূপরীতি, গঠন-বিন্যাস বদলে দিয়েছিলেন। পাঠকেরা তা মেনে নিয়েছেন। তিনি বাংলা ছোটগল্পের ইতিহাসে আজও স্মরণীয় ব্যক্তিত্ব। তিনি ঐতিহ্য গড়ার কারিগর। বাংলা ছোটগল্প বিমল করের লেখনী-স্পর্শে অনেকটা পথ পরিক্রমা করতে পেরেছে। বাংলা ছোটগল্পের পাঠক তাঁর ছোটগল্পের শৈলীকে কখনোই ভুলতে পারবে না।

তথ্যসূত্র :

[১] বিমল কর, 'ছোটগল্প : নূতন রীতি', দ্রষ্টব্য সন্দীপ দত্তের 'বাংলা গল্প-কবিতা আন্দোলনের তিন দশক' গ্রন্থ, র‍্যাডিক্যাল ইম্পেশন, মে ১৯৯৩, পৃ. ৩০

[২] বিমল কর, ''শীতের মাঠ'', 'পঞ্চাশটি গল্প', আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, তৃতীয় মুদ্রণ, জুলাই ২০০১, পৃ. ১৮৫

[৩] বিমল কর, ''জানোয়ার'', 'পঞ্চাশটি গল্প', পূর্বোক্ত, পৃ. ১৫৭

[৪] বিমল কর, ''নিগ্রহ'', ''পঞ্চাশটি গল্প'', পূর্বোক্ত, পৃ. ৫৮৫

[৫] বিমল কর, ''দুই বোন'', 'পঞ্চাশটি গল্প', পূর্বোক্ত, পৃ. ৮৭

বাংলা সাহিত্যে পাখি

কবি বক্সী
(SACT, Communicative English)
Asutosh College
ই-মেইল : tripurari.baksi@asutoshcollege.in

এক ঝলকে

পৃথিবীতে পাখির আবির্ভাব নিয়ে বিশেষজ্ঞদের মতের অন্ত নেই। তবে মানুষের সঙ্গে সম্পর্কের পারম্পর্য নিয়ে মতপার্থক্য বিশেষ কিছু নেই বললেই চলে। কারণ পাখি মানুষের চিরন্তন সম্পর্কের কাহিনী এককথায় সর্বজন স্বীকৃত। এই সম্পর্ক একেবারে শুরুর দিন থেকে। পুরাণ থেকে মহাকাব্য, ইতিহাস থেকে বিজ্ঞান ভাবনা, শৌর্য থেকে শৈল্পিক প্রদর্শন — পাখি জায়গা করে নিয়েছে মানুষের মন ও মননের প্রতিটি আনাচে কানাচে। পরিচিতি পেয়েছে কখনো সহায়ক কখনো সহযোগী আবার কখনো উপকারি বন্ধু হিসেবে।

মানুষের সাহিত্য, দর্শনের প্রারম্ভিক পর্বের সূচনাও হয়েছে পাখিকে নিয়ে। স্বাভাবিক নিয়মেই তার আচার আচরণ, ধর্ম, দর্শন, বিজ্ঞান, অর্থনীতি ইত্যাদি ক্ষেত্রগুলি সমৃদ্ধ হয়েছে পাখিকে ঘিরে।

সুপ্রাচীন কাল থেকে মানুষের সৌন্দর্য চেতনায় যেমন রয়েছে পাখি, তেমনি ধর্মীয় কর্মকাণ্ডের ছত্রে ছত্রেও যুক্ত হয়েছে তাদের আচরণবিধি। রামায়ণ, মহাভারত, বেদ, বাইবেল, গীতা, পিটক, ত্রিপিটক, জাতক, কোরান-সহ প্রাচীন প্রায় সমস্ত ধর্মগ্রন্থেই পাখিদের নজরকাড়া উপস্থিতি মানুষকে বিস্ময়-বিমূঢ় করেছে।

প্রাচীন সাহিত্য, বিশেষ করে বিভিন্ন কল্পধর্মী গ্রন্থে বিভিন্ন প্রাণীর সঙ্গে বহু ধরণের পাখির নামও যুক্ত হয়েছে। রয়েছে বিভিন্ন শিকারী ও কাল্পনিক পাখির উপস্থিতিও। তবে পাখি ও মানুষের ভাবনার যোগসূত্র গড়ে ওঠার মূলে রয়েছে প্রাকৃতিক ও ভৌগলিক বিষয়টিও। এই দু'টি বিষয়ের প্রভাব যে অনেকটাই সেটা বুঝে নিতে বিলম্ব করেননি কোনো বিশেষজ্ঞই।

পৃথিবীর কোথায় কোন পাখি বাস করে, তাদের স্বভাব চরিত্র কেমন, তাদের খাবার, বেঁচে থাকা, গান গাওয়া ইত্যাদি বিষয়গুলি নির্ভর করে সেই এলাকার ভূপ্রকৃতি ও আবহাওয়া-জলবায়ুর ওপর। তাছাড়া পাখিদের পরিযায়ী হওয়ার পিছনেও রয়েছে এই প্রাকৃতিক ও ভৌগলিক দিকটি। একটা সময় ছিল যখন মানুষ পরিযায়ী পাখিদের গতিবিধি দেখে আবহাওয়া ও ঋতু পরিবর্তনের দিকটি নির্ধারণ করতেন।

মানুষের সভ্যতা ও সংস্কৃতির সাথে পাখি কতখানি জড়িয়ে রয়েছে সেটা বোঝা যায় আমাদের প্রাচীণ সাহিত্যগুলির দিকে নজর ফেরালে। মহাকবি বাল্মীকি প্রথম যে শ্লোকটি উচ্চারণ করেছিলেন, সেটি ব্যাধের হাতে তীরবিদ্ধ হয়ে একটি কোঁচ বকের মৃত্যু দেখে। গভীর বেদনাহত হয়েই কবি লিখেছিলেন পৃথিবীতে পাখি বিষয়ক প্রথম শ্লোক, 'মা নিষাদ প্রতিষ্ঠাং ত্বমগমঃ শাশ্বতীঃ সমাঃ। / যৎ ক্রৌঞ্চমিথুনাদেকমবধীঃ কামমোহিতম্।'(নিষাদ, তুই চিরকাল প্রতিষ্ঠা লাভ করবি না, কারণ তুই কামমোহিত ক্রৌঞ্চমিথুনের একটিকে বধ করেছিস)।

পাখিকে বিচক্ষণতার সাথে ব্যবহার করা হয়েছে 'মহাভারত'-এও। সেখানে পাখি একটি বক যে ধর্মের ছদ্মরূপ নিয়েছে। সরোবরের কিনারায় বসে পঞ্চপাণ্ডবের দূরদর্শিতার পরীক্ষা নিচ্ছে। পৃথিবীর প্রাচীন দুই মহাকাব্য 'রামায়ণ' ও 'মহাভারত'-এ যেসব পাখির কথা বলা হয়েছে তারা নিছক পাখি হিসেবে নয়, বহুক্ষেত্রে গল্পের চরিত্রও হয়ে উঠেছে। বিশেষ করে গড়ুঢ় পাখি। শৌর্য, দক্ষতা ও ক্ষমতায় যে স্বয়ং ঈশ্বরকেও টেক্কা দিয়েছে। এভাবে প্রাচীন ভারতীয় কাব্য-দর্শনে পাখি হয়ে উঠেছে অনন্য প্রতীকী শক্তি।

শুধু প্রাচীন সাহিত্যই নয় আধুনিক সাহিত্যেও পাখিকে ব্যবহার করা হয়েছে কখনো চিত্রকল্প হিসেবে আবার কখনো প্রতীক হিসেবে। তবে অনেক সাহিত্যিকই পাখিকে তাঁদের রচনায় গুণপরিবৃত্তি (pathetic fallacy) হিসেবে ব্যবহার করেছেন।

পর্ব পরিক্রমা

পাখি নিয়ে প্রায় সব মানুষের মনেই আলাদা একটা ভালোলাগার জায়গা রয়েছে। বিশেষ করে সৃজনশীল মানুষের কাছে। তাই পাখি কখনো কাব্যে, কখনো সাহিত্যে আবার কখনো শিল্পে রূপ পেয়েছে নানান ভাব ও ভঙ্গিমায়। এপ্রসঙ্গে ভাবুক বাঙালীর কথা আলাদা করে না বললেই নয়।

বাংলার প্রাকৃতিক ও ভৌগলিক গঠন এখানকার মানুষজনকে একদিকে যেমন খানিকটা কল্পবিলাসী হতে সাহায্য করেছে, তেমনি কল্পনার অবগাহে স্নাত করতে করতে তাকে করে তুলেছ ভাববিলাসী। নীল আকাশের বুকে উড়ে চলা পাখির কোমল ডানায় ভর করিয়ে তাকে পৌঁছে দিয়েছে অচীণপুরের দেশে। যেখান থেকে সে খুঁজে নিতে পেরেছে পাখিদের অমেয় রূপটি।

বলা যেতে পারে, বাংলার প্রায় প্রত্যেক কবির সঙ্গে পাখির একটা আত্মিক মেলবন্ধন রয়েছে। বাংলার পল্লী প্রকৃতির দিকে চোখ ফেরালে জীবন বৈচিত্রের প্রচুর নিদর্শন যেমন নজরে পড়ে, তেমনি প্রমাণ মেলে জীবনের নানান ঘাতপ্রতিঘাতের সঙ্গে তার প্রভাবের দিকটিও। সৃষ্টিশীল সাহিত্যিকদের কল্পনায়, বিস্ময় বিহ্বলতায়, ভাব ও ভাবনায় ঘুরে ফিরে এসেছে পাখিদের আচার আচরণ। কখনো বন্ধু, কখনো আত্মীয়, কখনো সহকারী, আবার কখনো ভালোমন্দের মূর্ত কলেবরে চিরন্তন দোসর।

বাংলা সাহিত্যের প্রাচীনতম নিদর্শন চর্যাপদ। চর্যাপদের কবিরা কাক, কোকিল, শালিক, ঘুঘু-সহ বহু পাখির কথা উল্লেখ করেছেন তাদের লেখায়। ব্যতিক্রমী নন মধ্যযুগের কবিরাও। এসময়ের কবিরা তাঁদের কাব্য চর্চায় বিভিন্ন প্রাণীর সঙ্গে বিবিধ পাখির কথাও বলেছেন। যেসব পাখিরা মানুষের কাছে কখনো শুভ, কখনো অশুভ, আবর কখনো নিছক রহস্যবাহী।

আধুনিক বাংলা সাহিত্যেও জুড়ে রয়েছে একাধিক পাখির নাম। উনিশ শতকের অনুবাদ সাহিত্যে বেশ কিছু পাখিকে দেখা যায়। এপ্রসঙ্গে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের 'শকুন্তলা'-কাব্যে একটি শকুন পাখির উল্লেখ পাওয়া যায়। পাখিটি মাতৃস্নেহে একটি শিশু কন্যাকে রক্ষা করেছে।

*****

দুই বাংলার আধুনিক কাব্য ও ছোটগল্পের বিভিন্ন ধারায় স্থান পেয়েছে বিচিত্র সব পাখি। বঙ্কিমচন্দ্র-রবীন্দ্রনাথ এবং পরবর্তী কালে প্রভাতকুমার মুখোপাধ্যায়, শরৎচন্দ্র চট্টোপাধ্যায়, বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়, তারাশঙ্কর

বন্দ্যোপাধ্যায়, মানিক বন্দ্যোপাধ্যায়, অচিন্ত্যকুমার সেনগুপ্ত, জগদীশ গুপ্ত, শৈলজানন্দ মুখোপাধ্যায়, বলাইচাঁদ মুখোপাধ্যায় প্রমুখের লেখাতেও ঘুরে ফিরে এসেছে বিভিন্ন ধরণের পাখির নাম। এসব লেখকদের রচনা কুশলতায় পাখিরা হয়ে উঠেছে মূর্ত চরিত্রস্বরূপ।

বহু লেখক ও কবির রোমান্টিক ভাবনায় প্রতীকী রূপ পেয়েছে পাখি। এক্ষেত্রে রূপকধর্মী লেখাগুলির গুরুত্বই আলাদা। এধরণের লেখায় পাখির নামটি হয় শিরোনাম হিসেবে, নয়তো গল্পের প্রধান চরিত্র হিসেবে ফুটে ওঠে। বিশেষজ্ঞদের ব্যাখ্যা, এসব লেখকেরা সমাজ সংস্কৃতির এমন একটি ছবি ধরার চেষ্টা করেছেন যেখানে পাখির উপস্থিতি ছাড়া অনেক ব্যাখ্যা-ই অসম্পূর্ণ থেকে যেত।

বাংলাদেশের লেখক হাসান হাফিজুর রহমানের 'একজোড়া পাখি', হাসনাত আবদুল হাইয়ের 'সোয়ালো', হাসান আজিজুল হকের 'শকুন' ইত্যাদি গল্পগুলির সাথে এপার বাংলার লেখক বনফুলের 'চোখ গেল', নারায়ণ গঙ্গোপাধ্যায়ের 'ইদুমিয়ার মোরগ' ইত্যাদি গল্পগুলি পাখির নামে নামকরণেই থেমে থাকেনি ঘটনার উত্থান পতনে বহু তথ্যেরও উদঘাটন করেছে, কখনো প্রায়োগিক কৌশলে, আবার কখনো বাস্তবের পটভূমিতে পা রেখে।

প্রসঙ্গক্রমে বনফুলের 'হাঁস' গল্পটির কথা বলা যেতে পারে। বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রি নিয়ে ফেরার পর সেনাবাহিনীতে যোগ দিতে আগ্রহী হয় এক তরুণ। কিন্তু তাঁর বাবার ইচ্ছে ছিল ভিন্ন। যদিও পরিস্থিতির কথা ভেবে তিনি ছেলের ইচ্ছেকেই গুরুত্ব দেন ও একটি বন্দুক কিনে দিয়ে তাঁকে প্রস্তুতি শুরু করতে বলেন। এরপর এই তরুণ নিয়মিত শিকারে যাওয়া শুরু করে। একদিন শিকারে গিয়ে সে সরোবরে ভাসমান একটি সাদা হাঁসকে গুলি করে ও আহত অবস্থায় তাকে নিয়ে বাড়ি ফিরে আসে। হাঁসটিকে একটি ঘরে বন্দী করে সে অন্য কাজে মন দেয়। এরপর রাত বাড়লে দেখে বন্দী হাঁসটি ঘরের মধ্যে নেই। এদিক ওদিক খোঁজাখুঁজি করার পর তার নজরে পড়ে বাড়িতে সরস্বতীর যে পটচিত্রটি ছিল সেখান থেকেও বাহন হাঁসটি উধাও হয়ে গেছে। গল্পের পরবর্তী অংশটি বড়ই তাৎপর্যপূর্ণ। যেখানে দেখানো হয়েছে অন্য একটি বিষয়। আসামে নিরীহ ভাষা আন্দোলনকারীদের ওপর সেনা বাহিনীর গুলি চালানোর ঘটনা। তাতে বহু মানুষ ক্ষতিগ্রস্ত হয়। এটাই গল্পের রূপক। হাঁসটি যেন এসব নিরীহ মানুষের প্রতিনিধি। এভাবে ইঙ্গিত পেয়ে প্রচণ্ড অভিমানী হয়ে ওঠে তরুণটি এবং সাথে সাথে সে বন্দুক ধরা ত্যাগ করে ও সরস্বতীর সাধনায় মগ্ন হয়।

বনফুলের অন্য একটি গল্প 'দ্বিতীয় শালিকটি' পাখির নামেই নামকরণ করা হয়েছে। এখানে এক শালিক-এ মন্দ ও জোড়া শালিক-এ শুভ, এমন একটি প্রচলিত ধারণাকে বোঝানো হয়েছে। 'কাকের কাণ্ড'-তে অসময়ে কাকের ডাককে অশুভ বিবেচনা করা হয়েছে।

নারায়ণ গঙ্গোপাধ্যায়ের 'হাঁস' গল্পটি দুই বন্ধুর আলাপচালিতার মধ্য দিয়ে এগিয়েছে। যদিও গল্পের পরিণতিটি বড়ই কদর্য, যার সঙ্গে যোগ রয়েছে পাখির। রাজশেখর বসুর 'লক্ষ্মীর বাহন' গল্পে মুচকুন্দ রায়ের বাড়িতে একটি প্যাঁচার আগমন ও প্রস্থানের সাথে ভালো-মন্দের হিসেব মেলানো হয়েছে। অচিন্ত্যকুমার সেনগুপ্তের গল্প 'তাজমহল'-এও পাখির বর্ণনা রয়েছে। গল্পের মূল চরিত্র বিমলা। তাঁর সখ পাখি পোষার। পরিবারের আপত্তি সত্ত্বেও সে বাড়িতে হাজির করে চন্দনা পাখি। তাকে সন্তান স্নেহে পালনও করতে থাকে সে।

বনফুলের 'পাখিদের মধ্যে' গল্পটিতে দেখানো হয়েছে একটি কোকিল ছানার দুঃখ। ছানাটি তার বাবা কোকিলের কাছে উপেক্ষিত হচ্ছে এবং খাবার পাওয়া থেকে বঞ্চিত হচ্ছে। কাকের বাসায় জন্ম বলে বাবা কোকিল

খাবার দিচ্ছে না। এরপর সেখানে উড়ে আসে মা কাকটি। সে কোকিল ছানাটির মুখে ঠোঁট ঢুকিয়ে খাবার গুঁজে দেয় ও তার খিদে মেটায়। পাখিদের মাতৃস্নেহের এমন দৃষ্টান্ত খুবই তাৎপর্যপূর্ণ।

বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'শকুনির ডিম' গল্পটিও বেশ মজার। ছোট অপু-র এক অদ্ভুত ইচ্ছে হয়। সে পাখির মতো উড়ে বেড়াতে চায়। আর এই ইচ্ছে থেকেই সে লুকিয়ে বাবার বই 'সর্ব-দর্শন-সংগ্রহ' টি পাঠ করে। বইটি থেকে জানতে পারে কিভাবে শকুনের ডিমে পারদ ভরে সেটি রোদে শুকিয়ে নিয়ে মুখে পুরলেই যেদিকে খুশি, যেমন খুশি উড়ে বেড়ানো যায় তার বর্ণনা রয়েছে। পরবর্তী ঘটনা বেশ রসালো।

বিভূতিভূষণের গল্পে কাক, শালিকের যেমন প্রচুর বর্ণনা রয়েছে, তেমনি তাদের উপস্থিতির নিরিখে ঘটনার গতিপথেও এসেছে নানান রূপান্তর। তাঁর 'ইছামতি' উপন্যাসে গাঙশালিক, বুনো শ্যামকুট, হাঁস, চিল, শকুনের উল্লেখ পাওয়া যায়। এরা ইছামতির তীরে এসে শুধু বাসা'ই বাঁধে না, জড়িয়ে পড়ে ইছামতির দু'ই তীরে বসবাসকারী মানুষজনের জীবনধারার সাথেও। এসব পাখি প্রকৃতি দেখে দেখেই বোধহয় লেখকের ভাবান্তর ঘটত। তিনি তাঁর সেই অদ্ভুত অনুভূতির কথা ব্যক্ত করেছেন লেখায় : 'জগতের অসংখ্য আনন্দের ভান্ডার উন্মুক্ত আছে আমাদের সামনে — গাছপালা, ফুল, পাখি, উদার মাঠঘাট, অস্ত সূর্যের আলোয় রাঙা নদীতীর, অন্ধকার নক্ষত্রময়ী উদার শূণ্য। জগতের শতকরা নিরানব্বই জন লোক এ আনন্দের অস্তিত্ব সম্বন্ধে মৃত্যুদিন পর্যন্ত অনভিজ্ঞই থেকে যায়।' বাস্তবিকই, এমন অনুভূতির কথা খুব কম লেখকই লিখতে পেরেছেন।

তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় লিখেছেন 'একটি চড়ুই পাখি ও কালো মেয়ে'-র কাহিনী, 'শুকসারী কথা'। তাঁর একাধিক গল্পে বাংলার পল্লী-প্রকৃতির সঙ্গে ধরা দিয়েছে শালিক, টিয়া বাবুই ইত্যাদি পাখি। তবে তাঁর পক্ষী ভালোবাসার সূচনা খুব ছোট বয়সে, যেখানে তিনি দেখেছিলেন গাছের ডাল থেকে একটি পাখির ছানা পড়ে যাওয়ার ঘটনা। ছানাটি মরে যেতেই তিনি ও তাঁর বন্ধুরা খুব কষ্ট পান ও ছানাটিকে নিয়ে কবিতাও লেখেন। তাঁর এই 'পাখির মৃত্যু ও প্রথম কবিতা' আজো আমাদের শৈশবের দিনগুলিকে স্মরণ করিয়ে দেয়।

ভাবনার বৈচিত্র্যে অবন ঠাকুরের 'বুড়ো আংলা'-র কথাও মনে রাখার মতো। সুবচনীয় খোঁড়া হাঁসের পিঠে চড়ে একরত্তি হৃদয় চলেছে আকাশচারী হয়ে। নিচে বিন্দুবৎ গ্রাম, নগর, মাঠ, পাথার। অবন ঠাকুরের গল্পে হৃদয় বুদ্ধদেব বসুর ছোট শিশুটির মতো স্বপ্ন পূরণ না হওয়ার যন্ত্রণায় হতাশ নয়, বরং সে তার স্বপ্নের জগতে পৌঁছে যাওয়ার শিহরণে উদ্বেল। এভাবে সাহিত্যের এই বিচিত্র ব্যঞ্জনায় বারবার ধরা পড়েছে পাখি। ব্যক্ত হয়েছে তার বিচিত্র সব রূপ। তবে পাখি শুধু ছোটদের ভাবনাতেই নয়, বাংলা সাহিত্যের বিভিন্ন ধরণের লেখাতেও ধরা পড়েছে এই গগনচারীর বিচিত্র রূপকল্প।

*****

বাঙালী কবিদের প্রসঙ্গ টানলেও দেখা মেলে বহু পাখির। রজনীকান্ত সেনের 'স্বাধীনতার সুখ' নামক ছড়া'তে বাবুই পাখি ও চড়ুই পাখির কথোপকথনের দৃশ্য রয়েছে। মুক্ত প্রাণের আহ্বানে সাড়া দিতে রবীন্দ্রনাথ ঠাকুরও সাক্ষী মেনেছেন পাখিকে : 'খাঁচার পাখি ছিল সোনার খাঁচাটিতে, বনের পাখি ছিল বনে...', কিংবা 'পাখি আমার নীড়ের পাখি, অধীর হল...'। মনের গভীরে আসন পাতে পাখির উপস্থিতি নিয়ে কবির এই লাইন কটিও —

'তপ্ত তৃষায় চঞ্চু করি ফাঁক
প্রাচীর — 'পরে ক্ষণে ক্ষণে বসতো এসে কাক।

চড়ুই পাখির আনাগোনা মুখর কলভাষা
ঘরের মধ্যে কড়ির কোণে ছিল তাদের বাসা।'

রবি ঠাকুরের এমনতর আরো অনেক লেখা রয়েছে যেখানে পাখির উপস্থিতি ভিন্ন মাত্রা যুগিয়েছে পূর্ণাঙ্গ ব্যাখ্যায়। এভাবে পাখির কথা বলে তিনি বহু চিত্রকল্পের অবতারণা করেছেন —

'ম্যাপগুলো দেওয়ালেতে করে ঝটফট,
পাখি যেন মারিতেছে পাখার ঝাপট...।'

বহু ক্ষেত্রে পাখির উপস্থিতির ফলে প্রকৃতির এক অনন্য রূপমাধুর্য্য ছায়া ফেলেছে পাঠকের মনে। তাই তাঁর রচনায় ঠাঁই পেয়েছে রংবেরঙের পাখি, তাদের সু অনুভূতি।

ক্ষণিকা কাব্যগ্রন্থের 'এক গাঁয়ে' শীর্ষক বিখ্যাত কবিতায় তিনি কত অপূর্বভাবেই আমাদের জাতীয় পাখিকে পরিচয় করিয়ে দিয়েছেন।

'আমরা দু'জন একটি গাঁয়ে থাকি,
সেই আমাদের একটি মাত্র সুখ,
তাদের গাছে গায় যে দোয়েল পাখি,
তাহার গানের আমার নাচে বুক।'

ভালোবাসাময় আবেগের নিবিড়তম বন্ধন হয়ে এ কবিতাটি আজও কবিতাপ্রেমীদের মুখে মুখে। পূরবী কাব্যের অন্তর্গত শিলংয়ের চিঠিতে রবীন্দ্রনাথ বুলবুলিকে নিয়ে লিখেছেন —

'বেশ আছি, এই বনে বনে যখন-তখন ফুল তুলি;
নাম-না-জানা পাখি নাচে, শিস দিয়ে যায় বুলবুলি।'

নজরুলের একটি কাব্যের নাম 'চক্রবাক' (চকাচকি বা চখা পাখি)। এ পাখির প্রেমদাম্পত্য অনন্য নজির সৃষ্টিকারী। এ প্রসঙ্গে বকের কথাটাও চলে আসে। বক সাধারণত একাএকা থাকে না। এরা জোড়ায় জোড়ায় থাকতে ভালোবাসে। একটি মরে গেলে অন্যটি শোকে কাতর হয়ে খাওয়া-দাওয়া ত্যাগ করে ও বাসায় বসে বসে মৃত্যুর জন্য অপেক্ষা করে। সারসও বকেরই জাত। কবি বিনয় মজুমদার এই সারসের প্রসঙ্গ টেনেছেন তাঁর লেখায় —

'মানুষ নিকটে গেলে প্রকৃত সারস উড়ে যায়।'

সত্যেন্দ্রনাথ দত্ত-র কবিতা 'বাংলাদেশ'। কবিতার ছত্রে ছত্রে রয়েছে পাখির বর্ণনা :

'... কোথায় ডাকে দোয়েল-শ্যামা
ফিঙে গাছে গাছে নাচে?
কোথায় জলে মরাল চলে,
মরালী তার পাছে পাছে;
বাবুই কোথা বাসা বোনে,
চাতক বারি যাচে রে?
সে আমাদের বাংলাদেশ,

আমাদেরই বাংলা রে !...'

পাখি নিয়ে এমন চিত্রকল্প মন ভরিয়ে দেয়। চোখের সামনে ভেসে ওঠে গ্রাম বাংলার উজ্জ্বল দৃশ্যাবলী। ভালোলাগার অমৃত ধারায় স্নাত হয় মনের অলিন্দগুলি।

অক্ষয় কুমার বড়াল-র 'মধ্যাহ্ন' কবিতায় পাখির বর্ণনা বড়ই মনোরম :—

'চাতক কাতরে ডাকে চলে বক নদীতটে
ডাকে কুবো কুব কুব লুকায়ে কোথায়।'

গীতি কবির এহেন ব্যাখ্যা স্মরণ করিয়ে দেয় সত্যেন্দ্রনাথ দত্ত-র 'দূরের পাল্লা' কবিতার এই লাইন কটি —

'চুপ চুপ ঐ ডুব দেয় পানকৌটি
দেয় ডুব টুপটুপ ঘোমটার বউ'টি।'

পাখির নাম জুড়ে ঘটনার গতি বাড়িয়েছেন কবি বুদ্ধদেব বসু'ও। তাঁর 'বাবার চিঠি'- কবিতাটি-তে একটি শিশুর মনোকষ্টের কথা বলা হয়েছে :

'আমি যদি হতেম পাখি, থাকত যদি ছোট দুটি পাখা
তোমার কাছে উড়ে যেতেম চলে...'

শিশুটি শুধু পাখি হতে চেয়েছে। তার উপলব্ধি, পাখি হতে পারলেই সে তার ছোট দুটি ডানা'য় ভর করে সহজেই পৌঁছে যেতে পারবে তার বাবার কাছে। সাত সমুদ্র-তেরো নদী পেরিয়ে চলে যাবে অচিনপুরে যেখানে তার বাবা থাকে।

*****

পাখিকে একটু ভিন্ন চোখে দেখেছেন রূপসী বাংলার কবি জীবনানন্দ দাশ। তাঁর কাছে পাখি প্রাণের দোসর। তাঁর অতি প্রিয় পাখি শঙ্খচিল। এছাড়াও প্রায় ৫০ রকমের পাখির সাথে তাঁর সখ্যতার কথাও জানিয়েছেন তিনি বিভিন্ন কবিতায়। তাঁর 'আবার আসিব ফিরে' কবিতায় চারটি পাখির বর্ণনা রয়েছে। কবিতার শুরুতেই এসে পড়েছে এইসব পাখিগুলি।

'আবার আসিব ফিরে ধানসিঁড়িটির তীরে — এই বাংলায়
হয়তো মানুষ নয় — হয়তো বা শঙ্খচিল শালিকের বেশে,
হয়তো ভোরের কাক হয়ে এই কার্তিকের নবান্নের দেশে
কুয়াশার বুকে ভেসে একদিন আসিব এ কাঁঠাল ছায়ায়।
হয়তো বা হাঁস হব — কিশোরীর — ঘুঙুর রহিবে লাল পায়'

জীবনানন্দের কবিতা পড়লে বোঝা যায় পাখিদের চালচলন ও প্রকৃতির কোলে তাঁদের সহজ সরল উপস্থিতির কথা। খড়হাঁস, পাতিহাঁস, চিল, পানকৌড়ি, প্যাঁচা, শালিক এমনকি দুরছাই করা কাকও যে আমাদের এতখানি কাছে আসতে পারে, ঘনিষ্ঠ হতে পারে তা তাঁর কবিতা না পড়লে বোঝা যেত না। এখানেই তিনি আলাদা। অন্য কবি লেখকরাও তাঁদের লেখায় পাখির নাম উল্লেখ করেছেন, তবে সেটা নিছকই বর্ণনার তাগিদে। একমাত্র

জীবনানন্দ দাশ'ই পাখিকে বেঁধেছেন আবেগের বন্ধনে। তার চালচলন থেকে শুরু করে প্রকৃতির কোলে নিঃশব্দ উপস্থিতি কবির চোখকে করেছে বিমোহিত, মনকে করেছে উতলা। এ এক অদ্ভুত অনুভব, অনন্য নস্টালজিয়া। যখন কবি ধানসিঁড়ি নদীর তীরে দাঁড়িয়ে শঙ্খচিল, হাঁস, দোয়েল পাখিদের দেখেন। তখন তাঁর বর্ণনার ধারায় হারিয়ে যেতে হয় আমাদেরও। সুদূরের পথে হারিয়ে যেতে যেতে খুঁজে নিতে পারি এক অননুভূত বিস্মরণকে।

জীবনানন্দ শালিকের বেশে এই বাংলায় জন্ম নিতে চেয়েছেন। আবার তাঁর কবিতায় পাখিই নায়ক, নায়িকা, পার্শ্বচরিত্র — যা আর কারোরই কাব্যে দেখা যায় না। তাই পাখি ছাড়া জীবনানন্দের সাহিত্য অচল। পাখিই তাঁর শান্তি ও সান্ত্বনা। ঘুঘুর ডাকে তিনি যেমন পেয়েছিলেন শান্তি-র সন্ধান, তেমনি পেঁচা-র আওয়াজে বিমর্ষতার সুর। তাঁর কাছে চিলের কান্না বিদীর্ণ বেদনার চেয়েও ভয়ংকর। আবার অসীম ভালোলাগার অনুভূতিতে পাখির নীড়ের মতো চোখ যার, সেই বনলতা সেন যেন আমাদের আবেগেরই মথিত বহিঃপ্রকাশ। জীবনানন্দের অন্যতম সেরা কবিতা 'পাখিরা'। এটি একটি নিছক কবিতা নয়। এটি জীবনের নানাবিধ উপলব্ধির জীবন্ত এক দলিল :

'ওই দিকে শোনা যার সমুদ্রের স্বর
স্কাইলাইট মাথার উপর,
আকাশে পাখিরা কথা কয় পরস্পর।
তার পরে চ'লে যায় কোথায় আকাশে?
তাদের ডানার ঘ্রাণ চারিদিকে ভাসে।

শরীরে এসেছে স্বাদ বসন্তের রাতে,
চোখ আর চায় না ঘুমাতে;
জানালার থেকে ওই নক্ষত্রের আলো নেমে আসে,
সাগরের জলের বাতাসে
আমার হৃদয় সুস্থ হয়;
সবাই ঘুমায়ে আছে সবদিকে —
সমুদ্রের এই ধারে কাহাদের নোঙরের হয়েছে সময়?

সাগরের ওই পারে — আরো দূর পারে
কোনো এক মেরুর পাহাড়ে
এইসব পাখি ছিল;
ব্লিজার্ডের তাড়া খেয়ে দলে-দলে সমুদ্রের'পর
নেমেছিল তারা তারপর,
মানুষ যেমন তার মৃত্যুর অজ্ঞানে নেমে পড়ে।
বাদামি – সোনালি – শাদা – ফুটফুটে ডানার ভিতরে
রবারের বলের মতন ছোট বুকে
তাদের জীবন ছিল —
যেমন রয়েছে মৃত্যু লক্ষ-লক্ষ মাইল ধ'রে সমুদ্রের মুখে
তেমন অতল সত্য হ'য়ে।

কোথাও জীবন আছে, — জীবনের স্বাদ রহিয়াছে,
কোথাও নদীর জল র'য়ে গেছে — সাগরের তিতা ফেনা নয়,
খেলার বলের মতো তাদের হৃদয়
এই জানিয়েছে;
কোথাও রয়েছে প'ড়ে শীত পিছে, আশ্বাসের কাছে
তারা আসিয়াছে।

তারপর চ'লে যায় কোন্ এক ক্ষেতে;
তাহার প্রিয়ের সাথে আকাশের পথে যেতে-যেতে
সে কি কথা কয়?
তাদের প্রথম ডিম জন্মিবার এসেছে সময়।

অনেক লবণ ঘেঁটে সমুদ্রের পাওয়া গেছে এ-মাটির ঘ্রাণ,
ভালোবাসা আর ভালোবাসার সন্তান,
আর সেই নীড়,
এই স্বাদ — গভীর — গভীর।

আজ এই বসন্তের রাতে
ঘুমে চোখ চায় না জড়াতে;
ওই দিকে শোনা যায় সমুদ্রের স্বর,
স্কাইলাইট মাথার উপর,
আকাশে পাখিরা কথা কয় পরস্পর।'

*****

'শুকসপ্ততি' একটি প্রাচীন গল্পের বই। এখানে সত্তরটি গল্প রয়েছে। মজার বিষয়, একটি টিয়াপাখি গল্পগুলি শোনাচ্ছে। বাংলার অনেক লোকসাহিত্য ও ছড়াও গড়ে উঠেছে পাখিকে ঘিরে। পাখি নিয়ে জগদানন্দ রায়ের একটি ছড়া বেশ মজাদার :

'পানকৌড়ি পানকৌড়ি ডাঙায় ওঠ না।
তোমার শাশুড়ি বলে গেছে বেগুন কোটো না।'

পরিশেষে

পাখি নিয়ে মানুষের আবেগ ভালোবাসা ভালোলাগা সবই অটুট এখনো। কিন্তু তারপরেও কোথাও যেন খামতি থেকে যাচ্ছে। মনে কোনো উঁকি দিয়ে যাচ্ছে এক অনামী যন্ত্রণা। জীবনানন্দকে ধার করেই বলতে হয় :

'কোথায় গিয়েছে আজ সেইসব পাখি, ...
.....
বাবলা ফুলের গন্ধে, সোনালি রোদের রঙে ওড়া
সেইসব পাখি, ...

চ'লে গেছে আমাদের এ — পৃথিবী ছেড়ে;
হৃদয়, কোথায় বলো — কোথায় গিয়েছে আর সব!
অন্ধকারঃ মৃত নাসপাতিটির মতন নীরব।'

তথ্যসূত্র :

[1] Wikipedia

[2] Birds in Literature : Leonard Lutwack

[3] Birds in Sanskrit Literature : K N Dave

[4] বাংলার পাখপাখালি : কণাদ বৈদ্য, সন্দীপ দাস, শান্তনু প্রসাদ, খৌনিশ শংকর রায়

[5] বাংলার পাখি : অজয় হোম

[6] Birds in Literature : Churchill Abby

नारी : दशा और दिशा

Sanjoy Shah
SACT, Department of Hindi
Asutosh College
e-mail : sanjoy.shah@asutoshcollege.in

भगवान शंकर का अर्द्धनारीश्वर रूप नारी शक्ति का प्रतिपादक है। हिमालय पर्वत पर जीवन से निराश मनु में जीवनी-शक्ति का प्रचार कर श्रद्धा यह प्रमाण देती है कि नारी पुरूष के लिए उतप्रेरक है। पुरूष अपने जिस पौरुष शक्ति पर गर्व करता है, वह नारी के कारण ही संभव हुआ है। निःसंदेह वह आधी-आबादी है, किंतु समय के विसात पर नारी न तो अर्धांगिनी रही न ही उत्प्रेरक तथा आधी-आबादी ही। उसके लिए धरती पर अंतिम उपनिवेश विशेषण का प्रयोग होने लगा. वह आज भी आजादी के बाट जोह रही है। उसे यथास्थिति से बाहर निकालने के लिए कई आंदोलन चलाए गए हैं, परंतु बात जहां की तहां रह गई। हिंदी साहित्य के उत्तर आधुनिक काल में यह स्वर फिर से मुखरित हुआ है। इस दिशा में अपसंस्कृति के बाहक का दंश झेल रहे इलेक्ट्रानिक मीडिया के योगदान को नकारा नहीं जा सकता। धारावाहिक का इसी से संबंधं है और नारियों का धारावाहिक से।

भारतवर्ष ही एक ऐसा देश है जहां की संस्कृति में नारी को सर्वोच्च स्थान प्रारंभ से अधुनातन काल तक मिला है - "यत्र नार्यस्तु पूज्यन्ते रमन्ते तत्र देवता" (मनुस्मृति) का सत्योद्घोष तत्कालीन भारतीय समाज में आचरणीय एवं अनुकरणीय माना जाता था। यथासंभव सामाजिक व्यवस्था में आध्यात्मिक और लौकिक दोनों दृष्टियों से उक्त अवधारणा की अत्यधिक महिमा थी। आज की सामाजिक और पारिवारिक व्यवस्था में जो विकृतियां पाश्चात्य सभ्यता के प्रभाव में दृष्टिगोचर होती हैं, उनका प्रधान कारण यह है कि हमने नार्यस्तु पूज्यन्ते के विचार को ताख पर रख दिया।

हमारे शास्त्रों में नारी के पतिवर्तय की बड़ी महिमा मानी गई है जिसमें अनुसूया, सावित्री, सीता, दमयन्ती आदि का परम कमनीय और वंदनीय उल्लेख मिलता है। माता को प्रथम गुरु का स्थान भी प्राप्त है। वही पहले अपने संतान को जगत का व्यावहारिक ज्ञान देकर उसे मानवोचित कर्म, स्वभाव, व्यवहार इत्यादि गुणों से युक्त करती है। इसेक पश्चात ही अग्रतर शिक्षा के लिए बच्चे गुरूकुल जाते हैं। जहां उनके समुचित भरण-पोषण, स्वास्थ्य आदि की देखरेख का दायित्व गुरू माताओं पर ही होता था। गुरूमाताएं गुरू के समान ही पूज्या थीं। हमारे शास्त्रों में देवताओं का स्मरण करते समय उनकी पत्नियों का नाम पहले लिया जाता है - गौरी-शंकर, लक्ष्मी-नारायण, सीता-राम, राधा-कृष्ण आदि इसी तथ्य का द्योतक है। वाल्मीकि रामायण, कालीदास कृत रघुवंशम, विक्रमोर्वशी, कुमार सम्भवम, अभिज्ञान शकुंतलम आदि ग्रंथों में तत्कालीन नारियों की अवस्था का जो वर्णन किया है, उसमें नारियों को ही गरिमा मंडित किया गया है। साथ ही नारियों के विविध चरित्रों पर अच्छा प्रकाश भी डाला गया है। वहीं दूसरी तरफ आदिकाल में नारी को तत्कालीन परिवेश के अनुरूप ही दिखाया गया है। आदिकालीन राजनैतिक परिवेश में युद्ध का वातावरण अधिक रहा, अतः नारी भोग एवं उसके सुंदर रूप के कारण भी युद्ध हो जाते थे। भोग-विलासी, कामुक राजाओं के लिए उस समय यह उक्ति सटीक रूप से चरितार्थ होती थी - "जिहि की बिटिया सुंदर देखी, तेहि घर जाय धरे हथियार।" अतः आदिकाल में वीरता का एक मुख्य

प्रेरक नारी सौंदर्य ही रहा है। इसी प्रकार तत्कालीन-सामाजिक परिवेश पर उक्त राजनैतिक परिवेश के कारण समाज में नारी की स्थिति सम्मानजनक नहीं थी। नारी भोग्यामात्र रह गई थी। वह क्रय-विक्रयं एवं अपहरण की वस्तु बनती जा रही थी - ''सामान्य जन के लिए शिक्षा की कोइ व्यवस्था नहीं थी, सांप्रदायिक तनाव बढ़ने के कारण साहित्य और शास्त्रो का ज्ञान सामान्य जाति की नारियों व पुरुषों के लिए अप्राप्य बना दिया गया था। सती-प्रथा भी उस समय के समाज के लिए एक भयंकर अभिशाप थी। फलतः सामान्य जाति की नारी के लिए पुरूष का जीवन और मृत्यु दोनों ही भयंकर घटना बन गई थी''[1] इस प्रकार हम देखते हैं कि ततकालीन परिवेश में नारी की स्थिति संत्रोषप्रद नहीं रही।

भक्तिकाल में जहां तक नारियों की स्थिति का प्रश्न है तो भक्ति काल में भी नारी घोर उपेक्षा की पात्र रही है। भक्तिकाल में भी स्त्री के मांसल सौदर्य के प्रति घोर आसक्ति ही रही, जिसमें पुरूष नारी के तन को देखने में ही अभ्यास्त रहा। पंडित परशुराम चतुर्वेदी का कथन है - ''यहां तक समाज में नारियों के स्थान के विषय में कहा जा सकता है, वह स्थान स्पृहणीय नहीं था। ये उसके पहले से ही पुरूषों के अपेक्षा कहीं अधिक नीचे स्तर की समझी जाती रहीं और उन्हें प्रायः हाशिए जैसा ही स्थान प्राप्त रहा। ... उस काल में स्त्रियों में पर्दा प्रथाके कारण उनहें अनेक प्रकार की दुखद असुविधाओं का भी सामाना करना पड़ जाता थघ।''[2]

भक्तिकाल के सगुण धारा के प्रमुख रामाभक्त कवि तुलसीदास जी ने रामचरितमानस में नारी के अनेक रूपों का ललित ललाम वर्णन किया है - ''सीता तुलसीदास की ऐसी अनुपम सर्जना है, जिसमें उन्होंने पूर्ण स्त्रीत्व के आदर्श की प्राण-प्रतिष्ठा की है। वहीं मानस के मूल में तुलसी ने पार्वती को रखा है। संपूर्ण कथा शिव-पार्वती संवाद के रूप में है। पार्वती के दो जन्मों की कथा मानस में अंकित हुई है। एक, संश्यात्मक सती के रूप में तथा दूसरे, पर्वतराज की कन्या गौरी के रूप में। भारतीय नारी की मर्यादा का ऐसा सुंदर सांस्कृतिक चित्रण अन्यत्र अनुपलब्ध है।''[3] बड़े रचनाकार के अंतर्विरोध भी बड़े होते हैं। एक तरफ तो तुलसीदास सीता, पार्वती जैसी स्त्रियों के माध्यम से आदर्श स्थापित करते हैं, वहीं दूसरी तरफ ''ढोल गवाँर शुद्र पशु नारी''[4] कहकर नारी को निंदक, पथभ्रषटक भी सिद्ध कर तेदे हैं।

